

স্মারক নং-৫২.০১.৫০৯৪.০০০.১৪.০০১.১৯- ০২

তারিখ: ০৬-০১-২০২০ খ্রি.

## নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক বাস্তবায়নাধীন 'জনশুমারি ও গৃহগণনা ২০২১' এর লিঙ্গিং অপারেশন এবং মূল শুমারির গণনা কার্যক্রমে 'তালিকাকারী/গণনাকারী' ও 'সুপারভাইজার' পদে নিয়োগের প্যানেল গঠনের লক্ষ্যে নিম্নবর্ণিত শর্তে শুধুমাত্র কুষ্টিয়া জেলার মিরপুর উপজেলায় স্থায়ীভাবে বসবাসকারী বেকার যুবক/যুব মহিলা এবং ছাত্র/ছাত্রীদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্র:নং	পদের নাম	প্রাপ্য ভাতাদি	প্রার্থীর শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য যোগ্যতা
০১)	সুপারভাইজার	প্রকল্পের সংস্থান মোতাবেক	১) ন্যূনতম স্নাতক/সমমান পাাস হতে হবে। ২) নিজস্ব স্মার্টফোন থাকতে হবে এবং চালনায় দক্ষ হতে হবে। ৩) স্মার্টফোনের এক্সয়েড ভার্সন ৬.০ বা তদুর্ধ্ব হতে হবে এবং স্মার্টফোনের স্ক্রীন সাইজ ন্যূনতম ৫.০ (পাঁচ) ইঞ্চি হতে হবে। ৪) ০১/০২/২০২০ তারিখে বয়স ২২-৪০ বৎসরের মধ্যে হতে হবে। ৫) হাতের লেখা Intelligent Character Recognition (ICR) ফরমের সাথে সংগতিপূর্ণ হতে হবে।
০২)	তালিকাকারী/গণনাকারী	প্রকল্পের সংস্থান মোতাবেক	১) ন্যূনতম এইচএসসি/সমমান পাাস হতে হবে। ২) নিজস্ব স্মার্টফোন থাকতে হবে এবং চালনায় দক্ষ হতে হবে। ৩) স্মার্টফোনের এক্সয়েড ভার্সন ৬.০ বা তদুর্ধ্ব হতে হবে এবং স্মার্টফোনের স্ক্রীন সাইজ ন্যূনতম ৫.০ (পাঁচ) ইঞ্চি হতে হবে। ৪) ০১/০২/২০২০ তারিখে বয়স ১৮-৩৫ বৎসরের মধ্যে হতে হবে। ৫) হাতের লেখা Intelligent Character Recognition (ICR) ফরমের সাথে সংগতিপূর্ণ হতে হবে।

### শর্তাবলী:

- নির্ধারিত আবেদন ফরম আগামী ০৬/০১/২০২০ হতে ১৪/০১/২০২০ খ্রি: পর্যন্ত অফিস চলাকালীন সময়ে উপজেলা পরিসংখ্যান কার্যালয়, মিরপুর, কুষ্টিয়া হতে সংগ্রহ করতে হবে।
- পূরণকৃত আবেদন ফরম সকল শিক্ষাগত যোগ্যতার সনদের অনুলিপি, জাতীয় পরিচয়পত্রের অনুলিপি, এবং এক কপি পাসপোর্ট সাইজের ছবিসহ আগামী ১৭/০১/২০২০ খ্রি: তারিখে অনতিতথ্য লিখিত পরীক্ষার দিন লিখিত পরীক্ষার উত্তরপত্রের সাথে জমা দিতে হবে।
- নিয়োগের অন্যান্য শর্তাবলী পূরণ সাপেক্ষে মহিলা প্রার্থীগণকে এবং যে সকল প্রার্থীগণের পূর্ববর্তী কোন শুমারি/জরিপের কাজে অভিজ্ঞতা আছে তাদেরকে অগ্রাধিকার দেয়া হবে।
- উত্তীর্ণ প্রার্থীদের তালিকা মৌজা/মহল্লা ভিত্তিক প্রকাশ করা হবে। আবেদনপত্রে অবশ্যই যে মৌজা/মহল্লায় কাজ করতে ইচ্ছুক তার নাম উল্লেখ করতে হবে।
- লিঙ্গিং অপারেশন (ফেব্রুয়ারি/২০২০ মাসে) কার্যক্রমে প্রতি তালিকাকারী ১০ (দশ) দিনে মোট ৪০০ (কম/বেশী) খানার তালিকা করবেন, মূল শুমারিতে (২-৮ জানুয়ারি-২০২১) প্রতি গণনাকারীকে ০৭ (সাত) দিনে মোট ১২০ টি (কম/বেশী) খানার তথ্য সংগ্রহ করতে হবে।
- একজন সুপারভাইজারকে কমপক্ষে ৫-৬ জন তালিকাকারী/গণনাকারীকে নিবিড়ভাবে তদারকি করতে হবে।
- লিঙ্গিং অপারেশনে নিয়োজিত তালিকাকারী ও সুপারভাইজারগণের কার্যক্রম সন্তোষজনক মর্মে প্রতীয়মান হলে তারা মূল শুমারিতেও যথাক্রমে গণনাকারী এবং সুপারভাইজার হিসেবে দায়িত্ব পালন করবেন।
- লিঙ্গিং অপারেশন/শুমারি চলাকালীন সময়ে প্রার্থী নিজেই অন্যান্যকোন কর্মে নিযুক্ত করতে পারবেন না।
- ভুল বা অসম্পূর্ণ আবেদন ফরম বাতিল বলে গণ্য হবে। একজন ব্যক্তি একটমাত্র পদে আবেদন করতে পারবেন।
- প্রার্থীদের নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ দেয়া হবে না।
- লিঙ্গিং অপারেশনের জন্য উত্তীর্ণ প্রার্থীদের তালিকা উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের নোটিশ বোর্ডে, উপজেলা পরিসংখ্যান কার্যালয়, মিরপুরের ওয়েবসাইটে ([bbs.mirpur.kushtia.gov.bd](http://bbs.mirpur.kushtia.gov.bd)) এবং জেলা পরিসংখ্যান কার্যালয়, কুষ্টিয়ার ওয়েবসাইটে ([bbs.kushtia.gov.bd](http://bbs.kushtia.gov.bd)) প্রকাশ করা হবে।
- নিয়োগ সংক্রান্ত বিষয়ে এতদুদ্দেশ্যে গঠিত নিয়োগ কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

(প্রিঃকন বিশ্বাস)  
উপজেলা নির্বাহী অফিসার  
মিরপুর, কুষ্টিয়া

ও  
সভাপতি

জনশুমারি ও গৃহগণনা ২০২১ এর  
গণনাকারী ও সুপারভাইজার নির্বাচন কমিটি  
মিরপুর, কুষ্টিয়া